

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
রাজশাহী বিভাগ, রাজশাহী।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী বিভাগ, রাজশাহীর সম্মেলন কক্ষ (২য় তলা) তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ এবং সেবা প্রদান প্রতিশুভি বিষয়ে আওতাধীন দপ্তরের সাথে সমন্বয় সভার কার্য বিবরণী:-

সভাপতি : মো: ওহিদুল ইসলাম, উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী বিভাগ, রাজশাহী।

স্থান : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী বিভাগ, রাজশাহীর সম্মেলন কক্ষ (২য় তলা)।

তারিখ : ১২/১২/২০২২ খ্রি।

সময় : ১১.৩০ ঘটিকা।


সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা : পরিশিষ্ট “ক”।

তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ এবং সেবা প্রদান প্রতিশুভি বিষয়ে অনুষ্ঠিত সভায় উপস্থিত আওতাধীন দপ্তর হতে আগত কর্মকর্তা/কর্মচারীদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভায় দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ ও প্রদত্ত সেবার মান বৃদ্ধির লক্ষ্যে আলোচনায় সভাপতি জানান ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সরকারের একটি সেবাধৰ্মী প্রতিষ্ঠান। দুর্জয় সাহস, অমিত মনোবল আর দৃঢ় প্রতিয়ে গতি, সেবা ও ত্যাগের মূলমন্ত্রে উজ্জীবিত হয়ে এই প্রতিষ্ঠানের কর্মীগণ সর্বদা মানব সেবায় নিয়োজিত। প্রাকৃতিক ও মানবসৃষ্ট সকল দুর্যোগে সরকারের প্রথম সাড়াদানকারী প্রতিষ্ঠান হিসেবে কাজ করে যাচ্ছে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স।

০১। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভিন্ন কার্যক্রমের মধ্যে উল্লেখ যোগ্য হলো-অগ্নিনির্বাপণ ও দুর্ঘটনা কবলিতদের উদ্ধার ও চিকিৎসালয়ে স্থানান্তর, অ্যাসুলেন্স সার্ভিস পরিচালনা, দুর্ঘটনায় ক্ষয়ক্ষতি রোধকল্পে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে টপোগ্রাফি ও গণসংযোগ পরিচালনা, বহুতল/বাণিজ্যিক ভবন, শপিংমল, হাটবাজার, বিপণিবিভাগ, শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল/স্বাস্থ্য কেন্দ্র, সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান, সড়ক/মহাসড়কের ঝুঁকিপূর্ণ স্থান, স্থল বন্দর, নৌ-বন্দর, লঞ্চবাট, ফেরিঘাট, ধর্মীয় প্রতিষ্ঠান ও বষ্টি এলাকায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক মহড়া ও প্রশিক্ষণ পরিচালনা করা হয়। যেকোন দুর্ঘটনা-দুর্যোগে দ্রুত সাড়াদানে নিমিত্ত দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে টহল কার্যক্রম পরিচালনা, ওয়্যারহাউজ/ওয়ার্কশপের অগ্নিপ্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থা বাস্তবায়নপূর্বক ফায়ার লাইসেন্স ও ছাড়পত্র প্রদান, ফায়ার লাইসেন্স ও অন্যান্য বাবদ রাজস্ব আদায়, ফায়ার রিপোর্ট প্রদান, সার্ভে পরিচালনা করা হয়।

সিদ্ধান্ত : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী বিভাগের আওতাধীন সকল জেলার দাপ্তরিক ওয়েবসাইট হালনাগাদ রাখতে হবে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সেবা নাগরিকদের নিকট অনলাইন/অফলাইনে প্রচার কার্যক্রম বাড়াতে হবে।

০২। পরিশেষে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সেবা সম্পর্কে কোন অভিযোগ/মতামত প্রাপ্ত হলে অভিযোগ/মতামতের ভিত্তিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ এবং অংশগ্রহণকারী সকলকে বিভিন্ন দুর্যোগ-দুর্ঘটনায় সমন্বিতভাবে মোকাবিলার আহবান জানান। এছাড়া ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের হট লাইন নং ১৬১৬৩ এর মাধ্যমে জনগনের নিকট সেবার মান বৃদ্ধি পেয়েছে। শুঙ্গাচার সংশ্লিষ্ট কার্যক্রম, সেবা প্রদান প্রতিশুভি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে কাজ করত: বাংলাদেশের উন্নয়নের অগ্রযাত্রায় অন্ত বিভাগের সক্ষমতা বৃদ্ধির জন্য বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী কে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।


মো: ওহিদুল ইসলাম
উপ পরিচালক

মোবাইল নং ০২৫৮৮৫২১৫৭।